

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হাসপাতাল শাখা
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং-স্বাস্থ্যাধিকারী/হাসপাতাল/প্রাথমিক/করোনা ভাইরাস/২০২০/৩০৭

তারিখঃ- ০৪/০৩/২০২০ইং

জরুরী বিজ্ঞপ্তি

করোনা ভাইরাসজনিত জটিলতা মোকাবেলায় বেসরকারী ক্লিনিক, হাসপাতালসমূহের করণীয় :

সাম্প্রতিক বিশ্বব্যাপী করোনা ভাইরাস সংক্রমণের জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা সর্তর্কতার অংশ হিসাবে জরুরী অবস্থা ঘোষণা করেছে। বাংলাদেশে করোনা ভাইরাস মোকাবেলায় সর্বোচ্চ প্রতিতির অংশ হিসাবে সকল Airport, Sea Port এবং Land Port- এ Screening সুবিধাসহ কুয়েত মৈত্রী সরকারী হাসপাতাল, কুর্মিটোলা হাসপাতাল, সংক্রামক ব্যাধি হাসপাতাল এবং সকল সরকারী হাসপাতালে Isolation Ward চালু করেছে। সচেতনতামূলক কর্মকর্তার পাশাপাশি সেবা প্রদানকারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। বর্তমানে বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান আমাদের স্বাস্থ্য সেবার অভিজ্ঞে অংশ। বাংলাদেশের বেসরকারী হাসপাতাল, ক্লিনিক এস্টেট ডায়াগনস্টিক ওনার্স এসোসিয়েশন-এর নেতৃত্বের সঙ্গে আলোচনাক্রমে দেশের সকল বেসরকারী হাসপাতাল এবং ক্লিনিকে নিম্নবর্ণিতভাবে Isolation Ward চালুর সিদ্ধান্ত গৃহীত হয় :

হাসপাতালের বেড সংখ্যা	Isolation বেড সংখ্যা
১৫ বেড পর্যন্ত	০১ টি
১৬-৩০ বেড	০২ টি
৩১-৫০ বেড	০৩ টি
৫১-১০০ বেড	০৪ টি
১০১-১৫০ বেড	০৫ টি
১৫১-২০০ বেড	০৬ টি
২০১-৩০০ বেড	১০ টি
৩০০ বেডের উর্ধ্বে	২০ টি

Isolation Ward/Bed ব্যবস্থাপনার জন্য নিম্নবর্ণিত নির্ধারিত গাইড লাইন ব্যবহার করতে হবে :

- সর্বোচ্চ ৪-৫ টি বেড নিয়ে একটি আলাদা কক্ষ থাকতে হবে। কক্ষে সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ (ইনফেকশন প্রিভেনশন ও কন্ট্রোল, আইপিসি) এর সমন্বিত ব্যবস্থা থাকতে হবে। কক্ষের বাইরে “করোনা ভাইরাস আইসোলেশন ওয়ার্ড” কথাটি পরিকারভাবে প্রদর্শন করাতে হবে।
- দুইটি বেডের মধ্যে দূরত্ব কমপক্ষে ১ মিটার হতে হবে।
- কক্ষে পর্যাপ্ত পরিমাণ গ্লাভস, মাস্ক ও অন্যান্য ব্যক্তিগত সুরক্ষা পোশাকের (PPE) ব্যবস্থা থাকতে হবে।
- স্বত্ব হলে কক্ষের সাথেই হাত ধোওয়া ও পোশাক পরিবর্তন করার ব্যবস্থা করতে হবে।
- হাত ধোওয়ার স্থানে এবং আইসোলেশন কক্ষে ঢোকার ও বের হওয়ার সময় সাবান/হ্যান্ড স্যানিটাইজার/অ্যালকোহল-বেজেড হ্যান্ডরাব-এর ব্যবস্থা রাখতে হবে।
- কক্ষে পর্যাপ্ত আলো-বাতাস চলাচলের ব্যবস্থা থাকতে হবে।
- সাধারণ বর্জ্য, সংক্রমণ বর্জ্য, ব্যবহৃত পোশাক ইত্যাদি ফেলার জন্য আলাদা আলাদা ঢাকনা মুক্ত বিন থাকতে হবে।
- শুধুমাত্র আইসোলেশন কক্ষের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্রের (রোগীর বেড, ট্রালি, টুল, সাকার মেশিন, অঙ্কিজেন টিউব ও সিলিন্ডার ইত্যাদি) ব্যবস্থা রাখতে হবে।
- আইসোলেশন কক্ষের জন্য প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার, নার্স ও সাহায্যকারী অন্যান্য স্টাফদের রোস্টার অনুযায়ী দায়িত্ব পালনের জন্য প্রস্তুত রাখতে হবে।

বিষয়টি অতীব জরুরী

(স্বাস্থ্য সংস্থা ২০২০)
 (ডাঃ মোঃ আমিনুল হাসান)
 পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
 স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
 ফোন নং-০২-৫৫০৬৭১৫১, ফ্যাক্স ০২-৫৫০৬৭১৫১
 Email: directorhospital@id.dgbs.gov.bd